এলজিইডির প্রকৌশলীদের উপর হামলা ও হুমকির প্রতিবাদে মানববন্ধন

শামসুল আলম ঠাকুরগাঁও- ঠাকুরগাঁও এলজিইডির উপজেলা প্রকৌশলীদের উপর হামলা ও হুমকির প্রতিবাদে মানববন্ধন পালিত হয়েছে।

কুষ্টিয়ার মিরপুর উপজেলার প্রকৌশলী জনাব মেহেদী হাসানের উপর সন্ত্রাসী হামলা, ভাংচুর ও প্রাণনাসের হুমকি এবং সিরাজগঞ্জ ও রায়গঞ্জ উপজেলা প্রকৌশলীদের উপর হয়রানি হেনস্তা ও ভয়ভীতি দেখানোর প্রতিবাদে দূর্বৃত্তদের হামলার প্রতিবাদ ও হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে ঠাকুরগাঁওয়ে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

২৬ ফ্রেব্রুয়ারী বুধবার বিকেলে উপজেলা নির্বাহী অফিসের কার্যালয়ের সামনে ঘন্টাব্যাপী এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে প্রকৌশলীদের উপর সন্ত্রাসী হামলার তীব্র প্রতিবাদ জানানো হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ঠাকুরগাঁও উপজেলা প্রকৌশলী জনাব মোঃ আব্দুল কাদের, হিসাব সহকারী জান্নাতুন ফেরদৌস, অফিস আরিফ হোসেন, আক্তার হোসেন প্রমুখ। এ ছাড়া মানববন্ধনে ঠাকুরগাঁও উপজেলা এলজিইডি অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীগন মানববন্ধনে উপস্থিত ছিলেন।